

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৪৯

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৮৪. চামড়ার মোজাদ্বয়ের উপর মাসহ করা।

بَابِ مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّتَنَا وَكِيعُ، حَدَّتَنَا دَلْهَمُ بْنُ صَالِحِ الْكِنْدِيُّ، عَنْ حُجَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْكِنْدِيِّ، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّجَاشِيَّ، أَهْدَى لِلنَّبِيِّ - صلى الله عليه وسلم - خُفَّيْنِ أَسْوَدَيْنِ سَاذَجَيْنِ فَلَبِسَهُمَا ثُمَّ تَوَضَّاً وَمَسَحَ عَلَيْهِمَا .

বাংলা

৭/৫৪৯। আবূ বুরাইদাহ (রহঃ) থেকে বর্ণিত। (হাবশা-রাজ) নাজাশী (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে কালো রংয়ের একজোড়া চামড়ার মোজা উপহার পাঠান। তিনি তা পরিধান করেন, অতঃপর উযূ (ওজু/অজু/অযু) করেন এবং মোজাদ্বয়ের উপর মাসহ(মাসেহ) করেন।

English

It was narrated from Abu Buraidah from his father that: An-Najashi gave the Prophet a gift of a pair of plain black leather socks. He put them on, then he (performed ablution and) wiped over them.

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবু দাউদ ১৫৫

তাহকীক আলবানী: হাসান। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ১৪৪। উক্ত হাদিসের রাবী দালহাম বিন সালিহ আল-কিন্দী সম্পর্কে আবু দাউদ আস সাজিসতানী বলেন, কোন সমস্যা নাই। ইয়াহইয়া বিন মাঈন ও আবু যুরআহ আর-রাযী তাকে দুর্বল হিসেবে আখ্যায়িত করেছেন। ইমাম নাসাঈ বলেন, তিনি নির্ভরযোগ্য নন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন